

অদ্য ১২/০৭/২০২৩ সন্ধ্যা ৭:০০ ঘটিকায় ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব মো: শহীদ উল্লা খন্দকার, সাবেক সিনিয়র সচিব, এর সভাপতিত্বে ও জনাব আবুল ফজল মীর, যুগ্ম সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সম্মেলনায় ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এক সাধারণ সভা চিলিস রেস্টুরেন্ট, ধানমন্ডি-৩২, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক জনাব বাহাদুর বেপারী। আরো বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি জনাব রোকনুজ্জামান, কোষাধ্যক্ষ জনাব ড. মো: শহিদুল ইসলাম, মেম্বর(ভ্যাট), জাতীয় রাজস্ব বোর্ড, সহ-সভাপতি জনাব ড. এ.এফ.এম মাসুম রাকানী (ডিআইজি), যুগ্ম সাধারণ সম্পাদক জনাব আমিনুল ইসলাম বাবলুসহ অন্যান্য নেতৃবৃন্দ।

উক্ত আলোচনা সভায় সকল নেতৃবৃন্দের যতঃস্বতঃ সমর্থনে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১. সংগঠনের বার্ষিক সাধারণ সভা আগামী ৯ সেপ্টেম্বর ২০২৩ শনিবার বিকাল ৪:০১ ঘটিকার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠিত হবে।
০২. সভায় উপস্থিত সকল নেতৃবৃন্দের সর্বসম্মতিক্রমে বার্ষিক সাধারণ সভাকে সাফল্য মণ্ডিত করার লক্ষ্যে সংগঠনের কোষাধ্যক্ষ জনাব ড. মো: শহিদুল ইসলাম, মেম্বর(ভ্যাট), জাতীয় রাজস্ব বোর্ড কে আত্মায়ক নির্বাচিত করা হয়। কোষাধ্যক্ষ জনাব ড. মো: শহিদুল ইসলাম সাহেবের পরামর্শ ও পছন্দক্রমে জনাব আবুল ফজল মীর(যুগ্ম সচিব) সাহেবকে সদস্য সচিব নির্বাচিত করা হয়।
০৩. হলের বর্তমান ছাত্রদের বিভিন্ন রকম সাহায্য সহযোগিতা করার জন্য ওয়েলফেয়ার ফান্ড গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৪. ইতিপূর্বে ড. মোহাম্মদ ইয়ামিন চৌধুরী(সাবেক সচিব), সাহেবের নেতৃত্বে যে নির্বাচন প্যানেল গঠিত হয়েছিল, সেই প্যানেলটিই এজিএম এ নির্বাচনী প্যানেল হিসেবে কাজ করবে।
০৫. এজিএম এর মাধ্যমে নতুন যে কমিটি গঠিত হবে, সেই কমিটিই জানুয়ারী / ফেব্রুয়ারী ২০২৪ মাসে ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পূর্ণমিলনী অনুষ্ঠান করবে। (Informal Discussion)

সভাপতি

ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন
ঢাকা বিশ্ববিদ্যালয়।

সাধারণ সম্পাদক

ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন
ঢাকা বিশ্ববিদ্যালয়।